105

দৈনিক সংবাদ

তারিখ ... 06 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

ঢাঃবিঃ শিক্ষক সমিতি

## বিশ্ববিদ্যালয়ের ঘটনা সম্পর্কে প্রধানমন্ত্রীর মন্তব্য উস্কানিমূলক

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জরুরি সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত বৃহস্পতিবারের সন্ত্রাসী ঘটনা সম্পর্কে প্রধানমন্ত্রী অসত্য উস্কানিমূলক মন্তব্য করেছেন বলে উল্লেখ করা হয়। সভায় এর প্রতিবাদ ও নিন্দা জানানো হয়।

গতকাল শুক্রবার সমিতির সভাপতি অধ্যাপক মোঃ শাহাদত আলীর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট, হল প্রশাসন ও অন্যান্য কমিটি থেকে ডঃ এম, এরশাদুল বারীকে আগামী ৭ দিনের মধ্যে প্রত্যাহার করতে হবে। অন্যথায় সমিতি পরবর্তী কর্মসূচী গ্রহণ করবে। সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সিনেট অধিবেশনে জাতীয় সঙ্গীতের বিপক্ষে বক্তব্য প্রদান করার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আজহার উদ্দিনকে অবিলম্বে প্রত্যাহারের জন্য সরকারের কাছে দাবি জানানো হয়।

সভায় গৃহীত অপর এক সিদ্ধান্তে 'মিডিয়া সিন্ডিকেট' কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের সম্পর্কে অসত্য তথ্য পরিবেশনের জন্য তীব্র নিন্দা জ্ঞাপন করা হয়।

সভায় অপর এক সিদ্ধান্তে বলা হয়, গত বৃহস্পতিবার কলা ভবনে জাতীয়-

শিক্ষক সমিতি ঃ পৃঃ ৮ কঃ ৫

### শিক্ষক সমিতি ঃ প্রধানমন্ত্রীর মন্তব্য

( ১ম পৃষ্ঠার পর )

তাবাদী ছাত্রদলের নেতৃত্বে সংঘটিত নারকীয় ধ্বংসলীলা ও হামলার বিচার বিভাগীয় তদন্তের দাবি করা হয়। শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদে আগামীকাল রোববার ও পরশু সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা প্রতীক কর্মবিরতি পালন করবেন। পরীক্ষা কার্যক্রম এ কর্মবিরতির বাইরে থাকবে।

সভায় ইতিহাস বিভাগের শিক্ষক ডঃ রতন লাল চক্রবর্তীর গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় গভীর ক্ষোভ প্রকাশ করে তার সুচিকিৎসা ও ক্ষতিপূরণ-দানের জন্য কর্তৃপক্ষের নিকি দাবি করা হয়।